

অফিস আদেশ

২৯-০৫-১৪২২ বঙ্গাব্দ

তারিখঃ-----

১৩-০৯-২০১৫ খ্রিস্টাব্দ

নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১১.১৮.১০২.১২-১৬৩০


অত্র কার্যালয়ের ০৪/১২/২০১১ তারিখের অফিস আদেশ নম্বর সশা-১/২ই-২/২০০৭/১৬০ এবং ১২-০৪-২০১৫ তারিখের ২৫.৩৬.০০০০.২১১.১৮.১০২.১২-৭৩৩ নম্বর আদেশের মাধ্যমে গণপূর্ত অধিদপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণকে কর্মস্থল (সদরদপ্তর) ত্যাগের বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছিল।

- তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে নিজ নিজ কর্মস্থল ত্যাগের পূর্বে অবশ্যই প্রধান প্রকৌশলীর অনুমতি গ্রহণ করতে হবে;
- নির্বাহী প্রকৌশলীগণকে কর্মস্থল ত্যাগের পূর্বে অবশ্যই সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলীর অনুমতি গ্রহণ করতে হবে; এবং
- উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীগণকে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- এ আদেশের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপর্যুক্ত সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও প্রয়োজনের সময় অনেক কর্মকর্তা/কর্মচারীকে কর্মস্থলে পাওয়া যায়না এবং উর্দ্ধতন কর্মকর্তাগণও তাঁদের অনুপস্থিতির বিষয়ে সঠিক তথ্য দিতে পারেন না যা কোন মতেই কাম্য নয়। এখন থেকে কোন কর্মকর্তা বা কর্মচারী ছুটিতে থাকাকালিন তিনি দপ্তর ত্যাগের অনুমতিপত্রের ফটোকপি সাথে রাখবেন, যাতে উর্দ্ধতন কর্মকর্তা চাহিবামাত্র তা তিনি প্রদর্শন করতে পারেন।

অতএব; উপরোল্লিখিত নির্দেশনা প্রতিপালন ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তা উভয়ের বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ আদেশ সরকারি স্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ কবির আহমেদ ভূঞা)
প্রধান প্রকৌশলী
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
২৯-০৫-১৪২২ বঙ্গাব্দ
তারিখঃ-----

স্মারক নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১১.১৮.১০২.১২- ১৬৩০(১৫০)

১৩-০৯-২০১৫ খ্রিস্টাব্দ

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ
- ০১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সওস)/(পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ০৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী গণপূর্ত জ্ঞান.....।
 - ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/(সমনয়)/(উন্নয়ন)/(পিপিপি)/(মওঅ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী গণপূর্ত সার্কেল.....।
 - ০৬। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ০৭। নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)/(তদন্ত কোষ)/(ওএডএম)/(পিপিপি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ।
 - ০৯। নির্বাহী প্রকৌশলী, এমআইএস সেল গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
 - ১০। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ১১। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ১২। প্রশাসনিক কর্মকর্তা/কল্যাণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
 - ১৩। তত্ত্বাবধায়ক শাখা..... প্রধান প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
 - ১৪। গার্ড নথি।

(সারওয়ার আহমদ)